

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ১৮/১২/২০২৪ খ্রি:

এতদ্বারা ২০১৯/২০২০/২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক পাস (বি.এ ও বি.এস.এস) নিয়মিত কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ ১৯/১২/২০২৪খ্রি: তারিখ থেকে ২৪/১২/২০২৪খ্রি: তারিখের মধ্যে (সরকারি ছুটি ব্যতীত) Online এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Website হতে আবেদন ফরম সংগ্রহ করে পরের দিন কলেজের EMS এর নগদ/বিকাশ/উপায় এর যে কোন একটি অ্যাপ এর মাধ্যমে ৩০০/- ফি জমা দিয়ে কমিটির সদস্যবৃন্দের নিকট অবশ্যই জমা দিতে হবে। কমিটির সদস্যের স্বাক্ষরের পর আবেদন ফরম একটি অংশ শিক্ষার্থী গ্রহণ করবে। পরীক্ষার্থীরা কলেজের EMS ব্যবহার করে (User : hgmstudent ,Pasword: hgmstudent) এর মাধ্যমে ফিস নিশ্চিত করে পরিশোধ করতে হবে।

**** আবেদনকারীকে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে ভর্তি কমিটির শিক্ষকবৃন্দের নিকট উপরোক্ত তারিখে সকাল ১০:০০ টা থেকে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত আবেদন ফরম জমা দিতে হবে।**

১. এস.এস.সি/সমমান পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি-০১ কপি।
২. এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি-০১ কপি।
৩. আবেদন ফরম Download [A4(8.5''×11'')] করে অফসেট সাদা কাগজে রঙ্গিন প্রিন্ট ১ (এক) কপি জমা দিতে হবে।
৪. আবেদন ফরমের উপরে মোবাইল নম্বর ও ৩০০/- টাকা জমার TXN নম্বর লিখতে হবে।
৫. মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী কোটা জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী সংরক্ষণ থাকবে। তবে সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে।
৬. পোষ্য কোটার ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। তবে এ পোষ্য কোটা প্রমানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন দপ্তর থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।
৭. বিকাশ সার্ভিস চার্জ ১.৩০% , নগদ সার্ভিস চার্জ ১.২৫% , উপায় সার্ভিস চার্জ-১.১০%।

প্রতিষ্ঠান প্রধান
(প্রফেসর মোঃ হারুন রিয়া) 18.12.24
আইডি নং-৪১৪৪
অধ্যক্ষ

হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ, হবিগঞ্জ

(এ কে এম হাবিবুর রহমান)
সহকারী অধ্যাপক (উদ্ভিদ বিজ্ঞান)
আহবায়ক
ডিগ্রী (পাস) ভর্তি কমিটি-২০২৩-২৪
হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ, হবিগঞ্জ।